দৈনিক বাংলা

তারিখ ... 11/3/79
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 4 ...

028

# সংসদে মহিলা নির্বাচন প্রার্থীর যোগ্যতা

(স্টাফ রিপোর্টার)

সংসদে মহিলাদের জন্য সংরক্ষিত ৩০টি আসনে নির্বাচনের জন্য নির্বাচন কমিশন মহিলা প্রার্থীদের যোগ্যতা ঘোষণা করেছেন।

বাংলাদেশের নাগরিক ২৫ বছর বয়সের যেকোন মহিলা সংসদ সদস্য নির্বাচিত হওয়ার জন্য প্রার্থী হতে পারবেন।

নিম্নলিখিত কারণে কোন মহিলা সংসদ নির্বাচনে প্রার্থী হওয়ার জন্য অযোগ্য বলে গণ্য হবেন :—

(১) যদি উপযুক্ত কোন আদালত কর্তৃক তিনি অপ্রকৃতিস্থ বলে ঘোষিত হয়ে থাকেন; (২) যদি দেউলিয়া বলে ঘোষিত হয়ে থাকেন; (৩) যদি তিনি বিদেশী কোন রাষ্ট্রের নাগরিকত্ব গ্রহণ কিংবা বিদেশী রাষ্ট্রের প্রতি আনুগত্য প্রকাশ করে থাকেন; (৪) নৈতিকতা বিরোধী কার্যকলাপের দায়ে যদি তিনি কোন ফৌজদারী আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত হয়ে দু বছরের কম সময়ের জন্য জেল খেটে থাকেন, মুক্তির পর ৫ বছর অতিক্রান্ত না হলে; (৫) কিংবা কোন আইন বলে এ ধরনের নির্বাচনের জন্য অযোগ্য ঘোষিত হয়ে না থাকেন।